

## এনেক্সার বি

### বিজ্ঞপ্তি

#### ভিক্টোরিয়া সুপ্রিম কোর্ট - গুরুত্বপূর্ণ নোটিশ

#### উবার-এর বিরুদ্ধে ট্যাক্সি ভাড়া গাড়ির ক্লাস অ্যাকশন

এন্ড্রিয়ানকিস বনাম উবার টেকনোলোজি ইনক এন্ড ওআরএস (S ECI 2019 01926)

সালেম বনাম উবার টেকনোলোজি ইনক এন্ড ওআরএস (S ECI 2020 01834)

#### এটি কি?

ভিক্টোরিয়া সুপ্রিম কোর্ট এই বিজ্ঞাপনটি প্রকাশ করার আদেশ দিয়েছে যাতে করে ট্যাক্সি এবং ভাড়া গাড়ির পেশা শিল্পে জড়িত লোকজন যারা হয়তো উবার এর বিরুদ্ধে ক্লাস অ্যাকশনের অংশ তাদের অধিকার সম্পর্কে অবহিত করতে পারে। মরিস ব্ল্যাকবার্ন হলো এই ক্লাস অ্যাকশনের আইনজীবী।

#### আমি কি এই ক্লাস অ্যাকশনের অংশ?

আপনি হয়তো গ্রুপ সদস্য হতেও পারেন যদি আপনি ট্যাক্সি এবং ভাড়া গাড়ি ইন্ডাস্ট্রিতে থাকেন:

- ভিক্টোরিয়ায় - ১ এপ্রিল ২০১৪ থেকে ২৩ আগস্ট ২০১৭ এর মধ্যে;
- নিউ সাউথ ওয়েলসে - ৭ এপ্রিল ২০১৪ থেকে ১৮ ডিসেম্বর ২০১৫ এর মধ্যে;
- কুইন্সল্যান্ডে - ১৭ এপ্রিল ২০১৪ থেকে ৫ সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত; এবং
- ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ায় - ১০ অক্টোবর ২০১৪ থেকে ৪ জুলাই ২০১৬ এর মধ্যে।

গ্রুপ সদস্যদের একটি বিস্তারিত তালিকা অপ্ট আউট এবং রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তিতে পাওয়া যাবে অনলাইনে [www.mauriceblackburn.com.au/uber](http://www.mauriceblackburn.com.au/uber) ওয়েবসাইটে।

এই বিজ্ঞাপনটি সেই বিজ্ঞপ্তির কোনও বিকল্প নয়, এবং আপনাকে সতর্কতার সাথে নোটিশটি পড়তে হবে কারণ এটি আপনার আইনি অধিকারকে প্রভাবিত করতে পারে।

#### ক্লাস অ্যাকশনগুলি কি সম্পর্কে?

ক্লাস অ্যাকশনগুলি অভিযোগ করে যে উবার উপরে উল্লিখিত সময়কালে "বেআইনি উপায়ে ষড়যন্ত্র" এর সাথে জড়িত ছিল, যার ফলে গ্রুপ সদস্যদের ট্যাক্সি লাইসেন্সের ইকুইটি এবং আয়ের ক্ষতি সাধিত হয়।

#### আমার বিকল্প কি কি করার আছে?

##### ১. ক্লাস অ্যাকশন থেকে অপ্ট আউট করা

আপনি যদি অপ্ট-আউট করার সিদ্ধান্ত নেন তাহলে আপনি কোনো বিচার বা নিষ্পত্তিতে আবদ্ধ হবেন না এবং আপনি উবার এর বিরুদ্ধে আপনার নিজস্ব দাবি আনতে সক্ষম হবেন। তবে, যদি আপনি অপ্ট-আউট করার সিদ্ধান্ত নেন সেক্ষেত্রে বিচার বা নিষ্পত্তি হলে আপনাকে ক্ষতিপূরণ পাওয়ার অনুমতি দেওয়া হবে না। আপনি যদি অপ্ট-আউট করতে চান, তাহলে আপনাকে অবশ্যই একটি অপ্ট-আউট নোটিশ সম্পূর্ণ করতে হবে এবং সেটি

ভিক্টোরিয়ার সুপ্রিম কোর্টে জমা দিতে হবে। অপ্ট-আউট বিজ্ঞপ্তিটি অনলাইনে [www.mauriceblackburn.com.au/uber](http://www.mauriceblackburn.com.au/uber) -এর লং ফর্ম নোটিশ এ পাওয়া যাবে।

## ২. আপনার দাবি নিবন্ধন

যদি ৪ মার্চ ২০২৪ তারিখে নিষ্পত্তির সময় আপনি ক্ষতিপূরণ পেতে চান, তাহলে আপনার ক্লাস অ্যাকশনে অংশগ্রহণ করার অভিপ্রায় নিবন্ধন করতে হবে মরিস ব্ল্যাকবার্ন (Maurice Blackburn) এর সাথে AEST সময় ০২ অক্টোবর ২০২৩ বিকাল ৪টার মধ্যে।

## ৩. নিবন্ধন না করার এবং অপ্ট আউট না করার সিদ্ধান্ত নিলে

আপনি নিবন্ধন না করার সিদ্ধান্ত নিতে পারেন এবং অপ্ট আউট না করার সিদ্ধান্তও বেছে নিতে পারেন। আপনি যদি তা করার সিদ্ধান্ত নেন, যদি ক্লাস অ্যাকশনের বিচারের আগে (যা ৪ মার্চ ২০২৪ থেকে শুরু হয়) কোনো মীমাংসা হয়ে যায়, তাহলে আপনাকে ক্লাস অ্যাকশনের ক্ষেত্রে কোনো অর্থ গ্রহণ করা থেকে নিষেধ করা হবে এবং ব্যক্তিগতগতভাবে ক্লাস অ্যাকশনের বিষয়বস্তু সম্পর্কিত উবারের বিরুদ্ধে আপনার দাবি উপস্থানে নিষেধাজ্ঞা দেয়া হবে।

**গুরুত্বপূর্ণ:** আরও বিশদ সহ একটি লং ফর্ম নোটিশ রয়েছে যা উবার ক্লাস অ্যাকশন থেকে অপ্ট আউট করার সিদ্ধান্ত নেওয়ার আগে আপনাকে পড়তে হবে।

অপ্ট আউট করার নোটিশের একটি কপি লং ফর্ম নোটিশের সাথে সংযুক্ত করা আছে।

**আমি আরও জানতে চাই - আমি কার সাথে যোগাযোগ করবো?**

যদি আপনার ক্লাস অ্যাকশন সম্পর্কে কোনও প্রশ্ন থাকে বা লং ফর্ম নোটিশের একটি অনুলিপি পেতে চান, আপনি মরিস ব্ল্যাকবার্নের সাথে 1800 291 047 নম্বরে বা [uber@mauriceblackburn.com.au](mailto:uber@mauriceblackburn.com.au) ইমেলের মাধ্যমে যোগাযোগ করতে পারেন। আপনি চাইলে আপনার নিজের আইনজীবীর সাথেও কথা বলতে পারেন।